

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্র: নং-১। পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের প্রাক্কলিত সংশোধিত বাজেট বরাদ্দের কপি।

সংযুক্ত ক্র: নং-২। পাগলা পয়ঃশোধনাগার বিভাগ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্ত ক্র: নং-৩। দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।

সংযুক্ত ক্র: নং-৪। ক্রয় কাজের ক্যালকুলেশন।

সংযুক্ত ক্র: নং-৫। প্রাক্কলন।

সংযুক্ত ক্র: নং-৬। আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of different materials, parts and related services for reconditioning dewatering pump motor set under PSTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৬ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগারের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (কার্যকরী) রয়েছে। উক্ত পয়ঃ উত্তোলন কেন্দ্রগুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইন লাইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারের মাধ্যমে বিভিন্ন প্রক্রিয়ায় শোধিত পানি আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ফেলা হচ্ছে। সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্রের মধ্যে আরমানীটোলা, বাসাবো, নবাবগঞ্জ, হাজারীবাগ, নীলক্ষেত, ধোলাইখাল, মহাখালী ডিওএইচএস, বনানী ডিওএইচএস, ফরিদাবাদ প্রভৃতি পয়ঃ উত্তোলন কেন্দ্রে ২২ কিলোওয়াট, ১৫ কিলোওয়াট, ১২.৫ কিলোওয়াট, ১১.০ কিলোওয়াট, ১০.৫ কিলোওয়াট, ৭.৫ কিলোওয়াট, ৫.৫ কিলোওয়াট, ৪.০ কিলোওয়াট, ১.৫ কিলোওয়াট সাবমারসিবল ডি-ওয়াটারিং পাম্প মোটর সেট স্থাপন করে পয়ঃ উত্তোলন করা হচ্ছে। উক্ত পাম্প মোটরসমূহ সার্বক্ষণিক চালু আছে। এছাড়াও আউটফল পাম্প, স্লাজ পাম্প, নারিন্দা কেন্দ্রীয় পাম্পিং স্টেশনসহ অন্যান্য এসএলএস -এর লিকেজের পানি অপসারণের জন্য ১.৫ কিলোওয়াট ডি-ওয়াটারিং পাম্প মোটর রয়েছে। উক্ত পাম্প মোটরগুলোও সার্বক্ষণিক চালু থাকে। কোন কারনে পাম্প মোটরে ত্রুটি দেখা দিলে সংশ্লিষ্ট এলাকায় পয়ঃ উত্তোলন কার্যক্রম ব্যাহত হয়। সেই কারনে নিরবচ্ছিন্নভাবে পয়ঃ উত্তোলন কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে সচল সাবমারসিবল ডি-ওয়াটারিং পাম্প মোটরগুলোর বিপরীতে নতুন/মেরামত পাম্প মোটর মজুদ থাকা আবশ্যিক। দীর্ঘদিন যাবত চলার ফলে মোটরের ওয়াভিং ইনসুলেশন এর কার্যক্ষমতা লোপ পেয়ে অথবা অন্য কোন কারনে মোটর জ্বলে যেতে পারে। বিদ্যমান পাম্প মোটরগুলো জাপান ও ইউরোপের তৈরি হওয়ায় এর বাজার মূল্য অনেক বেশি। যা স্থানীয় বাজারে পাওয়া যায় না এবং ক্রয় করাও সময় সাপেক্ষ ব্যাপার। সেই কারনে পানি সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে ২৫(পচিশ) সেট পাম্প মোটর রি-ওয়াভিং ওয়াটার, মেকানিক্যাল সীল, বেয়ারিং, শ্যাফট স্লীভ, জ্যাম নাট, ক্যাবল, রয়েল সীল, নেক রিং, এনসি থিনার, নিটো গোল্ডেন ভার্নিশসহ অন্যান্য মালামাল ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে “Supply of different materials, parts and related services for reconditioning dewatering pump motor set under PSTP” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ২৪,৯৩,৭২০.০০০(চব্বিশ লক্ষ তেরানব্বই হাজার সাতশত বিশ) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের পয়ঃ পাম্প রক্ষণাবেক্ষণ(কোড ০১-০৪-০০৪) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য ক্রয় কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-২৯; প্যাকেজ নং-GSP1 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৭৮(১) ধারা অনুসারে Open Tendering Method (OTM, e-GP) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Supply of different materials, parts and related services for reconditioning dewatering pump motor set under PSTP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৭৮(১) ধারা অনুসারে Open Tendering Method (OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২৪,৯৩,৭২০.০০০(চব্বিশ লক্ষ তেরানব্বই হাজার সাতশত বিশ) টাকার প্রাক্কলনে আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেট “পয়ঃ পাম্প রক্ষণাবেক্ষণ” (কোড ০১-০৪-০০৪) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


১২/০৫/২৬
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


১২/০৫/২৬
মোঃ হাসিনুল হাসান
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।



১২/০৫/২৬
সম্রাট শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।



SE(WSTP)


১২/০৫/২০২৬
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।



১.৪। প্রস্তাব অনুমোদিত,


Xen, PST


১২/০৫/২৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।